70

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 AUG 1998
পৃষ্ঠা ... কলাম ...

# ভর্তি না করায় বুলেট উপহার

ইত্তেফাক রিপোর্ট ॥ গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলে প্রথম শ্রেণীতে একটি ছাত্রের ভর্তিকে কেন্দ্র করিয়া মোজাম্মেল নামে এক ব্যক্তি প্রধান শিক্ষককে কয়েকদিন যাবৎ বিভিন্নভাবে ভয়ভীতি-প্রদর্শন করিতেছিল। প্রধান শিক্ষক আব্দুস সোবহান নিয়ম বহির্ভূতভাবে ছেলেটিকে ভর্তি করেন নাই। অবশেষে উক্ত ব্যক্তি গত রবিবার দুপুরে প্রধান শিক্ষকের অফিস কক্ষের টেবিলে একটি কলমের বাক্স রাখিয়া দ্রুত পালাইয়া যায়। পরে প্রধান শিক্ষক বাক্সটি খুলিয়া দেখেন যে, উহার ভিতর একটি রাইফেলের বুলেট রহিয়াছে। এই ব্যাপারে ধানমন্ডি থানায় উক্ত ব্যক্তিকে আসামী করিয়া একটি মামলা দায়ের করা হয়। পুলিশ গুলীটি সীজ করিয়াছে। গতকাল রাত্র পর্যন্ত পুলিশ তাহাকে গ্রেফতার করিতে পারে নাই। এই ঘটনায় শিক্ষকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হইয়াছে। মোজাম্মেলের বিরুদ্ধে উক্ত থানায় আরও ১টি মামলা রহিয়াছে। সে একজন পেশাদার সন্ত্রাসী বলিয়া পুলিশ জানায়।